

# ইডেন রিয়েলটির ৩টি আবাসন প্রকল্পে বসবে

## ‘রফটপ সোলার’

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: ইডেন  
রিয়েলটির তিনটি আবাসন প্রকল্পে  
‘রফটপ সোলার’ বসানো হবে। তা  
একদিকে যেমন পরিবেশের ভারসাম্য  
বজায় রাখতে সাহায্য করবে, তেমনই  
কমবে ফ্ল্যাটের রক্ষণাবেক্ষণ বাবদ  
নেওয়া অর্থও। বৃহস্পতিবার এক  
সাংবাদিক সম্মেলনে এমনটাই  
জানিয়েছেন সংস্থার চেয়ারম্যান  
সচিদানন্দ রাই। তিনি বলেন, সোলারিস  
১ বনহগলি, সোলারিস ২ বনহগলি,  
সোলারিস জোকা এবং সোলারিস সিটি  
শ্রীরামপুর প্রকল্পে ‘রফটপ সোলার’  
বসানো হবে। বর্তমানে ফ্ল্যাটের  
রক্ষণাবেক্ষণ বাবদ অর্থের বেশিটাই  
দিতে হয় বিদ্যুতের জন্য। সৌর বিদ্যুতের  
ব্যবহারে সেই চার্জ অনেকটাই কম  
থাকবে প্রকল্পগুলির ফ্ল্যাট। যা  
আবাসিকদের আর্থিক বোৰা অনেকটা  
লাঘব করবে। প্রকল্পগুলিতে সৌর বিদ্যুৎ  
ব্যবহাপনা তৈরিতে যে সংস্থা সহায়তা  
করবে, তার সিইও দীপ চক্রবর্তীও এদিন  
উপস্থিত ছিলেন। তিনি বলেন, আমাদের  
সংস্থা এন্যাট্টি সিষ্টেমস ‘রফটপ’ সৌর  
বিদ্যুতের ক্ষেত্রে সব ধরনের সহায়তা  
করে থাকে। বর্তমানে এ দেশেও সৌর  
বিদ্যুতের ব্যবহার জনপ্রিয় হচ্ছে।